

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
আইসিটি সেল
www.moa.gov.bd

বিষয় : ইনোভেশন শোকেসিং ২০২৪ এর প্রতিবেদন।

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪।

কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সূচক নং ১.৩.১ এ “মন্ত্রণালয়/বিভাগসহ আওতাধীন দপ্তর /সংস্থা/বিভাগীয় অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন” শীর্ষক লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুযায়ী কৃষি মন্ত্রণালয়ের আয়োজনে ১৫ মে ২০২৪ তারিখ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেটে কৃষি মন্ত্রণালয়ের ইনোভেশন শোকেসিং সম্পন্ন হয়েছে। শোকেসিং অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয় ও আওতাধীন মোট ১৭টি দপ্তর/সংস্থা অংশ গ্রহণ করে। শোকেসিং এ মোট ১৮টি উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শিত হয় (তালিকা সংযুক্ত)। কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার এর সভাপতিত্বে এ অনুষ্ঠানে ১৭টি দপ্তর সংস্থার প্রধানগণ, মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব (ই-গভর্নেন্স অধিশাখা) জনাব মোঃ ছাইফুল ইসলাম উপস্থিত ছিলেন। অতিথিবৃন্দ ১৮টি স্টল ঘুরে দেখেন এবং পরে এক আলোচনা সভায় ইনোভেশন শোকেসিং এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা আলোচনা করা হয়।

শোকেসিং এ প্রদর্শিত উদ্যোগসমূহ ৬ সদস্যের বিচারকপ্যানেল যাচাই বাছাই করেন। যাচাই বাছাই সুবিধাজোগী ধরন ও সংখ্যা, TCV, উদ্যোগের নতুনত্ব ইত্যাদি বিষয় খেয়াল করা হয়। যাচাই বাছাই শেষে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগসহ ২য় এবং ৩য় স্থান অধিকারী উদ্যোগ সমূহ নির্বাচন করা হয়। শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত হয় জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির (নাটা) “IoT based Soilless Cultivation and Vertical Farming at Inspire Zone”

এছাড়াও যৌথভাবে দ্বিতীয় স্থান:

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের “অনলাইন নিউজপেপার ক্লিপিং ম্যানেজমেন্ট”
কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের “হটিকালচার সেন্টার ম্যানেজমেন্ট সফটওয়্যার”

এবং যৌথভাবে তৃতীয় স্থান:

কৃষি তথ্য সার্ভিসের “স্মার্ট কৃষি ডিরেক্টরি মোবাইল অ্যাপস ও অনলাইন নিউজ ক্লিপিং”
বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউটের “স্মার্ট রাইস প্রোফাইল মোবাইল অ্যাপ”

শোকেসিং অনুষ্ঠানের প্রধান অতিথি ড. মোঃ আব্দুস শহীদ এমপি মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় এবং সভাপতি জনাব ওয়াহিদা আক্তার সচিব, কৃষি মন্ত্রণালয় বিজয়ী দপ্তর সমূহকে ক্রেস্ট ও সনদ প্রদান করেন। পুরস্কার প্রদান অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধিও উপস্থিত ছিলেন।

শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগের বর্ণনা


মূল সমস্যা: জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে প্রশিক্ষার্থীদেরকে IoT প্রযুক্তি বিষয়ক প্র্যাকটিকাল সেশনের জন্য ভিন্ন প্রতিষ্ঠানে ভিজিট করতে হয়। যাতে সময়, খরচ ও ভিজিটের ঝামেলা পোহাতে হয়। এছাড়া ছাদবাগানের গাছে পানি ও সার দেয়ার জন্য পর্যাপ্ত জনবল নেই। সঠিক সময়ে পানি দেয়ার অভাবে গাছ মারা যায়।

সমাধানে গৃহিত উদ্যোগ/ নতুনত্ব:

সমাধান: IoT ও সেন্সর প্রযুক্তি ব্যবহার করে ইনস্পায়ার জোনে (ছাদবাগান) পানি ও সার প্রয়োগের ব্যবস্থা করা হয়েছে। ইন্টারনেট, সেন্সর ও স্মার্ট সুইচের মাধ্যমে পুরো সিস্টেম পরিচালিত হচ্ছে। মাটিবিহীন (Soilless) এবং ভার্টিক্যালি ফসল চাষাবাদ করা হয়েছে। মাটির পরিবর্তে কোকোডাস্ট, বাগি, ভার্মিকম্পোস্ট ও পাথর ব্যবহার করা হয়েছে।

অর্জিত ফলাফল: উদ্ভাবনটি বাস্তবায়নের ফলে নাট্যতে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সের আওতায় IoT প্রযুক্তি অর্থাৎ 4IR প্রযুক্তি বিষয়ে জানার জন্য ভিন্ন প্রতিষ্ঠানে ভিজিটের প্রয়োজন পড়ছে না। এতে করে খরচ বেঁচে যাচ্ছে। এছাড়াও ঘরে বসে বাগানে পানি সেচ এবং সার প্রদান করা সম্ভব হচ্ছে। ফলে অতিরিক্ত জনবল প্রয়োজন হচ্ছে না এবং গাছ মারা যাচ্ছে না।


প্রসেস ম্যাপ (পূর্বের)



Q

৯২

প্রসেস ম্যাপ (পরের)




Handwritten marks: a signature on the left and the number '21' on the right.

শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগের টিসিভি বিশ্লেষণ:

প্যারামিটার	উদ্ভাবনের আগে		উদ্ভাবনের পরে	
	সেচ ও সার	ফিন্ড ভিজিট	সেচ ও সার	ফিন্ড ভিজিট
সময়	প্রতি দিন ১-২ ঘন্টা	প্রতি কোর্সে ৩-৪ দিন	প্রতি দিন ১-২ মিনিট	প্রতি কোর্সে ১ ঘন্টা
খরচ	প্রতি মাসে ১০০০-২০০০ টাকা	প্রতি কোর্সে ১০০০০- ২০০০০/-	প্রতি মাসে ০০ টাকা	প্রতি কোর্সে ০০ টাকা
ভিজিট	প্রতিদিন ২ বার	প্রতি কোর্সে ১ বার	প্রতিদিন ০০ বার	প্রতি কোর্সে ১ বার
ধাপ	১ টি ধাপ	৩ টি ধাপ	১ টি ধাপ	১ টি ধাপ

সংযুক্তি: শোকেসিং এর চিঠি, বিচারক প্যানেলের অফিস আদেশ, উদ্যোগের তালিকা, স্থির চিত্র।



(ড. কে এম কামরুজ্জামান সেলিম)

যুগ্মসচিব, (প্রশাসন)

ও

চিফ ইনোভেশন অফিসার
কৃষি মন্ত্রণালয়